


সংস্কৃতি বিলাস



অজয় রায়

বিজ্ঞানী, শিক্ষাবিদ ও লেখক

- ছেলেবেলার নায়ক : বাবা। আদালতে বিচারকের সামনে শানিত যুক্তিসহ বাবার সওয়াল জবাব আমাকে ছেলেবেলায় খুব উদ্দীপ্ত করত।
- মন জিতে নেওয়া চলচ্চিত্র : সত্যজিৎ রায়ের পথের পাঁচালী।
- যাঁর অভিনয় মন কেড়ে নেয় : চার্লি চ্যাপলিন ও প্রমথেশ বড়ুয়া।
- চলচ্চিত্রের বিশেষ মুহূর্ত : সত্যজিৎ রায়ের পথের পাঁচালীতে মৃত দুর্গার জন্য কেনা শাড়ি মা সর্বজয়ার হাতে তুলে দেওয়ার মুহূর্তে শাড়ি কামড়ে করুণা ব্যানার্জির কান্নায় ভেঙে পড়া।
- কবিতার প্রিয় পঙ্ক্তি : সুকান্ত ভট্টাচার্যের 'কবিতা তোমায় দিলেম আজকে ছুটি, / কুধার রাজ্যে পৃথিবী গদ্যময়/পূর্ণিমা চাঁদ যেন বলসানো রুটি।'
- বারবার পড়া উপন্যাস : রবীন্দ্রনাথ ঠাকুরের গোরা।
- যে শিল্পকর্ম চোখে লেগে আছে : জয়নুল আবেদিনের 'সংগ্রাম' ও রবীন্দ্রনাথ ঠাকুরের 'আত্মপ্রতিকৃতি' (কালি ও জলরং ১৯৩৬)
- এখনো মনে মনে গুনগুনিয়ে গাই : রবীন্দ্রনাথ ঠাকুরের 'সেদিন দুজনে দুলেছিনু বনে, ফুলডোরে বাঁধা ঝুলনা।/সেই স্মৃতিটুকু কভু খনে খনে যেন জাগে মনে, ভুলো না।'
- কষ্ট যাঁর মধুভরা : পশ্চিমবঙ্গের সুচিত্রা মিত্র, বাংলাদেশের কলিম শরাফী।
- যে গানের কথা সত্য বলে মনে হয় : রবীন্দ্রনাথ ঠাকুরের 'সঙ্কোচের বিহ্বলতা নিজেদের অপমান, /সঙ্কটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ।/মুক্ত করো ভয়, আপনা মাঝে শক্তি ধরো, নিজেদের করে জয়।
- মঞ্চের প্রিয় নাটক : অনেক দিন নাটক দেখা হয় না; এই মুহূর্তে মনে পড়ছে সৈয়দ শামসুল হক রচিত থিয়েটারের পায়ের আওয়াজ পাওয়া যায়।
- স্মরণীয় খেলা : সাল মনে নেই। বাংলাদেশের বিজয় দিবস কাপ এক দিনের ক্রিকেট প্রতিযোগিতায় ফাইনাল খেলায় পাকিস্তানের বিরুদ্ধে ভারতের স্বাসরুদ্ধকর বিজয়।
- প্রিয় খেলোয়াড় : ঢাকায় আবাহনী ক্লাবের সালাউদ্দিন আর কলকাতায় মোহনবাগানের চুনী গোস্বামী।
- অবসরের আনন্দময় মাধ্যম : শুয়ে শুয়ে বইপড়া আর ক্যাসেটে রবীন্দ্রসংগীত শোনা।